গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
( শিক্ষা শাখা )

স্মারক নং-০৫.৪১.৬৭০০.৪০১.১৫.০০৬.১৯-৭২৮ তারিখঃ ০৫.১১.২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : বাংলাদেশে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে " বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার" প্রতিষ্ঠা করণ।

সূত্র : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.৫০.০০১.০২.৫২২ তারিখ-০৭.১০.২০১৯

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা হতে সূত্রে বর্ণিত স্মারকমূলে প্রাপ্ত পত্রের চিত্রলিপি এ'সঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, প্রাপ্ত পত্রের নির্দেশনামতে জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার" প্রতিষ্ঠা করার নিমিত্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশিত হয়ে আপনাকে অনুরোধ করা হলো। এছাড়াও সকল শিক্ষা প্রতিষ্ঠান সরকারি নির্দেশনা বাস্তবায়ন করছে কিনা সরেজমিনে তদন্ত করে বাস্তব প্রতিবেদন জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ মহোদয় বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৫/১১/১৯

(কাবেরী রায়)
সহকারী কমিশনার (শিক্ষা শাখা)
জেলা প্রশাসকের কার্যালয়,
নারায়ণগঞ্জ।

০৫/১১/১৯

০১। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

০১। উপজেলা নির্বাহী অফিসার,সদর/বন্দর/সোনারগাঁ/আড়াইহাজার/রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
০২। জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় সহকারী , নারায়ণগঞ্জ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) মহোদয়ের গোপনীয় সহকারী, নারায়ণগঞ্জ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

2100196191021060

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(প্রশাসন-১ শাখা)
www.molwa.gov.bd

স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.৫০.০০১.০২.৫২২

তারিখ: ২২ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
০৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার' প্রতিষ্ঠা প্রসঙ্গে।

22 OCT 2019

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহান মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শ বাস্তবায়নের লক্ষ্যে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস ও স্মৃতি সংরক্ষণের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ। আমাদের বর্তমান ও উত্তরপ্রজন্মকে মহান মুক্তিযুদ্ধের মতো অজেয় ও বঙ্গবন্ধুর মতো নির্ভীক আদর্শে বলীয়ান করে বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষম করে তোলার লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বিভিন্নমুখী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে।

০২। উল্লেখ্য, গত ২ সেপ্টেম্বর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সদরঘাটস্থ গ্রেটওয়াল শপিং সেন্টারের পুথিনিলয় প্রকাশনীর নিজস্ব উদ্যোগে দুই শতাধিক বাঁধানো স্থিরচিত্রের সমন্বয়ে প্রস্তুত "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' কর্নার উদ্বোধন করেছেন। এসব চিত্র আমাদের বর্তমান ও আগামী প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম, স্বকীয় চেতনা, স্বাধীনতার আদর্শিক অনুভব এবং ঐশ্বর্যময় ঐতিহ্যবোধে উজ্জীবিত করার মতো নানা হৃদয়গ্রাহী ও স্মরণীয় উপাদান/বাণীতে পরিপূর্ণ। বাংলাদেশের প্রতিটি প্রাথমিক বিদ্যালয় এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' কর্নার গড়ে তোলা হলে তা কেবল শিক্ষার্থীদের প্রাণিত করবে তাই না; একই সঙ্গে সর্বস্তরের জনগণকেও বঙ্গবন্ধুর আদর্শ, স্বাধীনতার মূল্যবোধ, অসাম্প্রদায়িক চেতনা এবং ত্যাগী মনোভাব সম্পন্ন দেশপ্রেমিক নাগরিক সৃষ্টিতেও কার্যকর ভূমিকা পালন করবে।

০৩। এমতাবস্থায়, আপনার জেলাস্থ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ" কর্নার প্রতিষ্ঠা ও সমৃদ্ধকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। এ ব্যাপারে পুথিনিলয়, গ্রেটওয়াল শপিং সেন্টার (লেভেল-১৪) ২/১ চিত্তরঞ্জন এভিনিউ, সদরঘাট, ঢাকা এর প্রয়োজনবোধে পরামর্শ নেওয়া যেতে পারে।

(নূর-ই-খাজা আলামীন)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোন-৯৫৭৮৬৪৮
info.molwa@yahoo.com

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা(মহোদয়ের অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা শিক্ষা অফিসারের কার্যালয়

নারায়ণগঞ্জ

E-mail-deo.narayangonj@gmail.com

স্মারক নং- ৩৭.০২.৬৭০০.০০০.০০.০০০.১৯-৭৫৫ তারিখ: ০৭/১১/২০১৯খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ জেলা। পত্রের মর্মানুযায়ী আপনার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে **"বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার"** আগামী ২১/১১/২০১৯খ্রি. তারিখের মধ্যে প্রতিষ্ঠা করার জন্য সকল প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো (সংযুক্ত-০৩ পাতা)।

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার---------------------কলেজ/ স্কুল এন্ড কলেজ/উচ্চ বিদ্যালয়/সুপার, নারায়ণগঞ্জ জেলা। পত্রের মর্মানুযায়ী আপনার শিক্ষা প্রতিষ্ঠানে **"বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার"** আগামী ২১/১১/২০১৯খ্রি. তারিখের মধ্যে প্রতিষ্ঠা করার জন্য অনুরোধ করা হলো। (সংযুক্ত-০৩ পাতা)।

৩। অফিস নথি।

০৭/১১/১৯

(মোঃ শরিফুল ইসলাম)

জেলা শিক্ষা অফিসার

নারায়নগঞ্জ